

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৬৪

আগরতলা, ০৫ নভেম্বর, ২০ ১৮

দীপাবলি : রাজ্যবাসীকে
রাজ্যপালের শুভেচ্ছা

দীপাবলি উপলক্ষে রাজ্যপাল প্রফেসর কাপ্তান সিং সোলান্সি রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেছেন, “‘দীপাবলি উৎসব প্রত্যেক বছর আমাদের মনকে আনন্দকরণ করে এবং মনে আনন্দধারা নিয়ে আসে। প্রতিটি দীপাবলি উৎসব সমাজে শান্তি, আনন্দ ও সমৃদ্ধি নিয়ে আসে। সারা দেশের সঙ্গে ত্রিপুরাবাসীও এই মহান দিনটি আনন্দের সঙ্গে পালন করে আসছেন।

প্রাচীনকাল থেকেই ত্রিপুরার উদয়পুরের মাতাবাড়িতে দীপাবলি এবং কালিপূজা উৎসব ভক্তি ও নিষ্ঠার সঙ্গে পালিত হচ্ছে। এই শুভ দিনে আমি ত্রিপুরাবাসীকে আন্তরিক উষ্ণ শুভেচ্ছা জানাচ্ছি।”
